

# আমাকে অর্থ কোথায় তা দেখান!

আপনার আবেদনপত্রটি একবার সম্পন্ন হয়ে গেলে আপনার তালিকায় থাকা কলেজগুলি স্বয়ংক্রিয়ভাবে FAFSA তথ্য পেয়ে যাবে। আপনি যে কোনও মুহূর্তে কলেজের নাম যোগ করতে বা তা বাদ দিতে পারেন।

এখন আপনাকে আপনার প্রয়োজনীয় আর্থিক সহায়তা পেতে কলেজগুলির সঙ্গে কাজ করতে হবে...



**আপনার FAFSA শিক্ষার্থী সহায়তা রিপোর্ট বা SAR** আরও একবার দেখে নিন, যাতে শেষ মুহূর্তে কোনও জটিলতা দেখা না দেওয়া নিশ্চিত করা যায়।



**আপনি আপনার শিক্ষার্থী সহায়তা রিপোর্টে কোনও তারকাচিহ্ন (\*) বা C দেখতে পেলে** কলেজগুলিকে আপনার তথ্য যাচাই করে নিতে হবে। আপনার কলেজগুলি কোনও নির্দেশ দিচ্ছে কিনা লক্ষ্য রাখুন—এবং আরও তথ্যের জন্য পৃষ্ঠা 20 দেখুন।



**কোভিড-19 বা অন্য কোনও পরিস্থিতিগত কারণে কি আপনার পারিবারিক উপার্জনে বা গৃহস্থালিতে কোনও পরিবর্তন এসেছে?** এটাই আপনার পক্ষে সবচেয়ে উপযুক্ত কলেজগুলির আর্থিক সহায়তা আধিকারিকের সঙ্গে কথা বলার উপযুক্ত সময়। তাদেরকে জানান যে কী ঘটেছে এবং পরবারের আর্থিক অবস্থার কী বদল ঘটেছে। তারা আরও বেশি সহায়তা পেশ করতে পারবেন।

**প্র:**

**আমার FAFSA সম্পন্ন হয়েছে। পরবর্তিতে কী আসবে?**

**উ:**

আপনার কলেজগুলির স্বীকৃতিপত্রের জন্য অপেক্ষা করুন! কয়েকটি ক্ষেত্রে স্বীকৃতিপত্রগুলি এটাও বলে দিতে পারে যে আপনি সরকারের থেকে এবং কলেজের নিজস্ব জলপানি তহবিল থেকে কতটা করে সহায়তা পেতে পারেন। যদিও প্রায়শই একটি কলেজ আর্থিক সহায়তার চিঠিটি খানিক পরে পাঠাবে। বিভিন্ন কলেজ আপনাকে ভিন্ন ভিন্ন পরিমাণ সহায়তা দেবে।

**প্র:**

**আমি কী ধরনের আর্থিক সাহায্যের প্রত্যাশা করতে পারি?**

**উ:**

আপনাকে স্বীকার করা প্রতিটি কলেজ আপনাকে একটি চিঠি বা ইমেল পাঠাবে যাতে কলেজে পড়ার খরচ কত পড়বে—এবং সেখানে পড়ার জন্য অর্থপ্রদান করতে আপনাকে সাহায্য করতে কলেজ কত রাশি পেশ করতে পারে তার বর্ণনা দেওয়া থাকবে। এটা সম্ভবত অনুদান ও বৃত্তি (যে অর্থ আপনাকে প্রদান করা হবে), ঋণ (যা আপনার ফেরত দেওয়া আবশ্যিক) এবং ওয়ার্ক-স্টাডি (আপনি যে অর্থ উপার্জন করতে পারেন) তার একটি মিশ্রণ। একে “আর্থিক সহায়তার প্যাকেজ” বলা হয়। আপনার প্রতিটি প্যাকেজ যত্ন সহকারে দেখে নেওয়া জরুরি, যাতে আপনি আপনার পক্ষে সবচেয়ে শাস্যীয় কলেজটি নির্বাচন করতে পারেন।

# প্রশ্নোত্তর: আমাকে আমার FAFSA ফর্মে দেওয়া তথ্য সঠিক বলে প্রমাণ করতে বলা হলে কী হবে?

**প্র:** আমাকে কেন আমার FAFSA তথ্য যে নিখুঁত তা প্রমাণ করতে বলা হচ্ছে?

**উ:** এই প্রক্রিয়াটিকে “যাচাইকরণ” বলা হয় এবং এটা খুবই সাধারণ ব্যাপার—প্রতি বছর FAFSA ফর্মগুলির 30 শতাংশ যাচাই করা হয়। মার্কিন শিক্ষা বিভাগ ও কলেজগুলি নির্দিষ্ট কিছু শিক্ষার্থীকে তাদের FAFSA ফর্মগুলিতে প্রদান করা তথ্য যাচাইয়ের জন্য নির্বাচন করে। কখনোসখনো আবেদনকারীদের যদৃচ্ছভাবে বেছে নেওয়া হয়। কোনও কোনও সময় এটা করার কারণ হল FAFSA ফর্মে থাকা তথ্য সামঞ্জস্যহীন বা অসম্পূর্ণ থাকে। কলেজগুলি যাচাই করার দায়িত্বপ্রাপ্ত।

**প্র:** যাচাইকরণে কী করা হয়?

**উ:** কলেজের আর্থিক সহায়তা আধিকারিক আপনার সঙ্গে যোগাযোগ করবেন। সাধারণভাবে এটা আরও তথ্যের জন্য রুটিন অনুরোধ, যেটা প্রায়শই আপনার পারিবারিক উপার্জনের সঙ্গে সম্পর্কিত। আপনি IRS ডেটা রিট্রিভাল টুল ব্যবহার করে থাকলে আপনি ভালো অবস্থায় থাকবেন। আপনি তা না করে থাকলে আপনার সম্ভবত আপনার পরিবারের করের রিটার্নের একটি IRS ট্রান্সক্রিপ্ট (এটা দেওয়ার জন্য আপনি IRS এর কাছে অনুরোধ করতে পারেন) অথবা নিয়োগকর্তাদের থেকে পাওয়া উপার্জনের বিবৃতির প্রয়োজন হবে। কলেজের আর্থিক সহায়তা আধিকারিক আপনার FAFSA ফর্মের সঙ্গে আপনার প্রদত্ত তথ্যের তুলনা করবেন। কোনও তফাৎ থেকে থাকলে আপনাকে নিজের FAFSA ফর্মে সংশোধন করতে হবে।

**প্র:** অন্য কী প্রশ্ন করা হতে পারে?

**উ:** আর্থিক সহায়তা আধিকারিক আপনার পরিবারের সদস্য সংখ্যা এবং বর্তমানে আর কতজন কলেজে পড়ছেন তা নিশ্চিত করতে চাইতে পারেন। আপনাকে অন্যান্য পারিবারিক সহায়তা (যেমন, শিশু সহায়তা) বা সরকারি সহায়তা (যেমন, ফুড স্ট্যাম্প) সম্পর্কে জিজ্ঞাসা করা হতে পারে। আপনাকে আইনি সনাক্তকরণ অথবা আপনি যে হাই স্কুলের থেকে গ্র্যাজুয়েট হয়েছেন তার প্রমাণ প্রদান করতেও বলা হতে পারে।

**প্র:** আমি কি একই তথ্য সবকটি কলেজে পাঠাতে পারি?

**উ:** আপনাকে প্রতিটি কলেজের ক্ষেত্রে পৃথকভাবে জবাব দিতে হবে। প্রত্যেকটির থেকে তাদের কী প্রয়োজন তা নির্দেশ করে একটি ফর্ম ইমেল বা নিয়মিত ডাক মারফৎ পাঠানো হবে। প্রত্যেকটি কলেজের সময়সীমা মেনে চলা নিশ্চিত করতে হবে। কোনও সময়সীমা না থাকলে যত দ্রুত সম্ভব তথ্য প্রদান করুন।

**প্র:** আমি একটি যাচাইকরণ ফর্ম পেলে তার অর্থ হল কলেজ আমাকে গ্রহণ করেছে, ঠিক কিনা?

**উ:** না, তা নাও হতে পারে। কিছু কলেজ আপনাকে ভর্তি করার সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার আর্থিক তথ্য যাচাই করতে চাইতে পারে। এই কারণেই আপনাকে এটা দ্রুত করতে হবে। আপনি যে সব কলেজে পড়ার আশা করেন তাদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখুন—এবং তারা যা যা চাইছেন তা তাদেরকে দিন।